# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## তথ্য অধিদফতর
## বাংলাদেশ সচিবালয়
## ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ৪৮/২০১৮-১৯

ঢাকা, মঙ্গলবার ১১ সেপ্টেম্বর ২০১৮, ২৭ ভাদ্র ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। **বাংলাদেশের উন্নয়নে নরেন্দ্র মোদীর সমর্থন মাইলফলক হয়ে থাকবে : প্রধানমন্ত্রী**
**আজ থেকে আমাদের সম্পর্ক আরো গভীর হলো : ভারতের প্রধানমন্ত্রী**
**বাংলাদেশকে আরও এক হাজার মেগাওয়াট বিদ্যুৎ দিতে প্রস্তুত : পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী**

২। **সরকার একশ' বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করেছে : এস্তোনিয়ার পররাষ্ট্রমন্ত্রীকে প্রধানমন্ত্রী**

৩। **দেশে বিশ্বমানের মোটরসাইকেল তৈরি করে ১৫ লাখ কর্মসংস্থান করা হবে :**
**মন্ত্রিসভায় খসড়ার নীতিগত অনুমোদন**

৪। **জনপ্রিয়তা ও গ্রহণযোগ্যতা দেখেই প্রার্থী মনোনয়ন :**
**মন্ত্রিসভায় অনির্ধারিত আলোচনায় প্রধানমন্ত্রী**

৫। **বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ সহচর এম এ সামাদ এর মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক**

৬। **মেগা প্রকল্পের কারণে আমদানি ব্যয় বেড়েছে : সংসদে বাণিজ্যমন্ত্রী**

৭। **এমবিবিএস ভর্তি পরীক্ষা নিখুঁতভাবে সম্পন্ন**
**করার জন্য বাড়তি সতর্কতা অবলম্বনের পরামর্শ স্বাস্থ্যমন্ত্রীর**

৮। **আগামী নির্বাচনেও পুলিশ নিরপেক্ষ থাকবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

৯। **মালয়েশিয়ায় বৈধ হওয়ার সুযোগ আগামী শনিবার পর্যন্ত : সংসদে প্রবাসী কল্যাণমন্ত্রী**

১০। **দেশে ১৬ লাখ মেট্রিক টন খাদ্যশস্য মজুদ রয়েছে : সংসদে খাদ্যমন্ত্রী**

১১। **বিচারহীনতার সংস্কৃতি থেকে দেশকে বের করা হচ্ছে : তথ্যমন্ত্রী**

১২। **সরকারি চাকরিতে প্রবেশের বয়স ৩৫ করার সুপারিশ সংসদীয় কমিটি'র**
**তথ্য ক্যাডারের ডিজি পদকে গ্রেড-১ এ উন্নীতকরণের তাগিদ**

১৩। **নির্বাচনের তফসিল ৩০ অক্টোবরের পর : ইসি সচিব**

১৪। **পবিত্র আশুরা ২১ সেপ্টেম্বর**

১৫। **বিদ্যুৎ সরবরাহের সক্ষমতা বাড়াতে ৩৬ কোটি মার্কিন ডলার দিচ্ছে এডিবি**

চলমান পাতা-২

**১। বাংলাদেশের উন্নয়নে নরেন্দ্র মোদীর সমর্থন মাইলফলক হয়ে থাকবে : প্রধানমন্ত্রী**
**আজ থেকে আমাদের সম্পর্ক আরো গভীর হলো : ভারতের প্রধানমন্ত্রী**
**বাংলাদেশকে আরও এক হাজার মেগাওয়াট বিদ্যুৎ দিতে প্রস্তুত : পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ-ভারতের মধ্যে বিদ্যমান সম্পর্ক বিশ্বে একটি রোল মডেল। আর বাংলাদেশের উন্নয়নের জন্য ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সমর্থন ও সহযোগিতা মাইলফলক হয়ে থাকবে। তিনি বলেন, ভারত থেকে অতিরিক্ত আরও ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ আমাদের উন্নয়নে সহযোগিতা করবে। এতে দু'দেশই লাভবান হলো। গতকাল (১০ সেপ্টেম্বর সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকার গণভবন থেকে এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দিল্লি থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কুষ্টিয়ার ভেড়ামারায় ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি বিষয়ক প্রকল্প, রেলওয়ের 'কুলাউড়া-শাহবাজপুর সেকশন পুনর্বাসন' ও 'আখাউড়া-আগরতলা ডুয়েল গেজ রেল সংযোগ নির্মাণ (বাংলাদেশ অংশ)' প্রকল্পের নির্মাণকাজের উদ্বোধনকালে শেখ হাসিনা এ কথা বলেন। বাংলাদেশের মানুষকে বাংলায় শুভেচ্ছা জানান ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। একইসঙ্গে ভবিষ্যতেও বাংলাদেশ-ভারতের মধ্যে সুদৃঢ় সম্পর্ক থাকবে বলে জানিয়েছেন তিনি। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর ভাষণে **১৯৬৫** সালের পূর্বে বাংলাদেশ এবং ভারতের মধ্যে বিদ্যমান রেল যোগাযোগ পুনঃস্থাপনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করে বলেন, আখাউড়া-আগরতলা রেল কানেকটিভিটির কাজ পুরো হলে আমাদের আন্তঃদেশীয় সংযোগের ক্ষেত্রে আরেকটি যোগসূত্র স্থাপিত হবে। ভিডিও কনফারেন্সে যুক্ত ছিলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধায়। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধায়, ত্রিপুরার মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এবং ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধায় বলেন, বাংলাদেশকে আরো এক হাজার মেগাওয়াট বিদ্যুৎ দিতে আমরা প্রস্তুত আছি। কেন্দ্রীয় সরকার অনুমতি দিলে আমরা দিব। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **প্রথম আলো** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ.,ক. ৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৪)। **জনকণ্ঠ, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউজ টুডে, অবজারভার** এবিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২। সরকার একশ' বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করেছে : এস্তোনিয়ার পররাষ্ট্রমন্ত্রীকে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা **১১** লাখ রোহিঙ্গাকে বাংলাদেশের জন্য একটি বিরাট বোঝা হিসেবে উল্লেখ করে বলেছেন, মানবিক কারণে আমরা তাদের আশ্রয় দিয়েছি। প্রধানমন্ত্রী দু'দেশের পারস্পরিক স্বার্থে এস্তোনিয়ার বিনিয়োগ কামনা করে বলেন, তাঁর সরকার একশ' বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করেছে। তিনি বলেন, আমরা এসব অঞ্চলে বিনিয়োগ কামনা করছি। কারণ এখানে বিপুল সুযোগ ও সম্ভাবনা রয়েছে। এসময় এস্তোনিয়ার পররাষ্ট্রমন্ত্রী সভেন মিকসার রোহিঙ্গাদের বাংলাদেশ থেকে ফিরিয়ে নিতে মিয়ানমারের ওপর রাজনৈতিক চাপ সৃষ্টির আহ্বান জানান। গতকাল (১০ সেপ্টেম্বর সোমবার) জাতীয় সংসদ ভবন কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬)।

**৩। দেশে বিশ্বমানের মোটরসাইকেল তৈরি করে ১৫ লাখ কর্মসংস্থান করা হবে :**
**মন্ত্রিসভায় খসড়ার নীতিগত অনুমোদন**

বিশ্বমানের মোটরসাইকেল তৈরি করে ২০২৭ সালের মধ্যে এ খাতে দেশে ১৫ লাখ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্য নির্ধারণ করেছে সরকার। এজন্য ' মোটরসাইকেল শিল্প উন্নয়ন নীতিমালা, ২০১৮' এর খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (১০ সেপ্টেম্বর সোমবার) তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠকশেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম সচিবালয়ে সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

**৪। জনপ্রিয়তা ও গ্রহণযোগ্যতা দেখেই প্রার্থী মনোনয়ন :**
**মন্ত্রিসভায় অনির্ধারিত আলোচনায় প্রধানমন্ত্রী**

শুধু গোয়েন্দা প্রতিবেদন নয়, অন্যান্য সূত্র থেকেও সংসদ নির্বাচনের সম্ভাব্য দলীয় প্রার্থীদের ব্যাপারে তথ্য সংগ্রহ করা হয়েছে বা হচ্ছে। কারও মুখ দেখে মনোনয়ন দেওয়া হবে না। জনপ্রিয়তা ও গ্রহণযোগ্যতা রয়েছে এমন ব্যক্তিদেরই মনোনয়ন দেওয়া হবে। বিতর্কিত কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগ রয়েছে, এমন কেউ মনোনয়ন পাবেন না। গতকাল (১০ সেপ্টেম্বর সোমবার) তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে অনির্ধারিত আলোচনায় এসব কথা বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

**৫। বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ সহচর এম এ সামাদ এর মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠজন আগরতলা ষড়যন্ত্র মামলার আসামী কর্পোরাল এম এ সামাদ গতকাল (১০ সেপ্টেম্বর রোববার) রাজধানীর একটি হাসপাতালে ইন্তেকাল করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এম এ সামাদের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। এক শোকবার্তায় প্রধানমন্ত্রী দেশের স্বাধীনতা সংগ্রাম ও মহান

মুক্তিযুদ্ধে এ বীর যোদ্ধার অবদানের কথা গভীর কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন। প্রধানমন্ত্রী মরহুমের আত্মার মাগফিরাত কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৮), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

**৬। মেগা প্রকল্পের কারণে আমদানি ব্যয় বেড়েছে : সংসদে বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ সংসদে জানিয়েছেন, ভোক্তার সক্ষমতা বাড়ার কারণে ভোগ্যপণ্যের আমদানি বেড়েছে। খাদ্যশস্য আমদানি ও সরকারের অগ্রাধিকারভুক্ত মেগা প্রকল্পের কারণে দেশে আমদানি ব্যয়ও বেড়েছে। গতকাল (১০ সেপ্টেম্বর সোমবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬)।

**৭। এমবিবিএস ভর্তি পরীক্ষা নিখুঁতভাবে সম্পন্ন**
**করার জন্য বাড়তি সতর্কতা অবলম্বনের পরামর্শ স্বাস্থ্যমন্ত্রীর**

আসন্ন এমবিবিএস ভর্তি পরীক্ষা সর্বোচ্চ নিখুঁত ও নিশ্ছিদ্র নিরাপত্তার মধ্য দিয়ে সম্পন্ন করতে বহুমাত্রিক পদক্ষেপ নিচ্ছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। গত কয়েক বছরের সাফল্যের ধারাবাহিকতায় এবারের ভর্তি পরীক্ষায় বাড়তি সতর্কতা ও কঠোর পন্থা অবলম্বনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এর মধ্যে একটি হলো পরীক্ষা কেন্দ্রে দায়িত্বরত পরিদর্শক বা কর্মকর্তা কোনো মোবাইল ফোন নিয়ে যেতে পারবেন না। প্রতি কেন্দ্রের অভ্যন্তরে কর্মকর্তাদের মধ্যে যোগাযোগের জন্য স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঁচটি অ্যানালগ মোবাইল ফোন সরবরাহ করা হবে। গতকাল (১০ সেপ্টেম্বর সোমবার) সচিবালয়ে অনুষ্ঠিত আসন্ন এমবিবিএস ভর্তি পরীক্ষা সম্পাদনে ওভারসাইট কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম এতে সভাপতিত্ব করেন। সভায় এবারের পরীক্ষা আরো নিখুঁতভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের বাড়তি সতর্কতা অবলম্বনের পরামর্শ দেন তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৪)।

**৮। আগামী নির্বাচনেও পুলিশ নিরপেক্ষ থাকবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

বিগত দশ বছরের বিভিন্ন নির্বাচনের ধারাবাহিকতায় আসন্ন জাতীয় নির্বাচনেও পুলিশ নিরপেক্ষ থেকে সফলভাবে দায়িত্ব পালন করবে বলে আশা প্রকাশ করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল (১০ সেপ্টেম্বর সোমবার) শেরেবাংলা নগর থানার নবনির্মিত ভবন উদ্বোধন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **প্রথম আলো** (পৃ.৬,ক.৫)।

**৯। মালয়েশিয়ায় বৈধ হওয়ার সুযোগ আগামী শনিবার পর্যন্ত : সংসদে প্রবাসীকল্যাণমন্ত্রী**

মালয়েশিয়ায় অবৈধভাবে অবস্থানরত কর্মীদের বৈধ করার বিষয়ে সরকার বহুবিধ পদক্ষেপ গ্রহণ করেছে। বৈধ হওয়ার জন্য রিহায়ারিং কর্মসূচিতে নাম নিবন্ধনকারী কর্মী/শ্রমিকদের ভিসাপ্রাপ্তির কার্যক্রম আগামী শনিবার (১৫ সেপ্টেম্বর) পর্যন্ত চলমান থাকবে। যাতে তারা ভিসা গ্রহণ করে বৈধভাবে অবস্থান করতে পারবে। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল (১০ সেপ্টেম্বর সোমবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে এ তথ্য জনান প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৭), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**১০। দেশে ১৬ লাখ মেট্রিক টন খাদ্যশস্য মজুদ রয়েছে : সংসদে খাদ্যমন্ত্রী**

খাদ্যমন্ত্রী মো. কামরুল ইসলাম বলেছেন, বর্তমানে দেশে ১৫ লাখ ৯০ হাজার ৪২৫ মেট্রিক টন খাদ্যশস্য মজুদ রয়েছে। গতকাল (১০ সেপ্টেম্বর সোমবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। কামরুল ইসলাম জানান, ৫ সেপ্টেম্বর পর্যন্ত দেশের ৬টি সাইলো, ১৩টি সিএসডি এবং ৬৩৫টি এলএসডি খাদ্যগুদামে ১৩ লাখ ৪২ হাজার ৭৮৫ মেট্রিক টন চাল, ১৮ হাজার ১৪০ মেট্রিক টন ধান ও ২ লাখ ৩৫ হাজার ৮৪৯ মেট্রিক টন গম রয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪)।

**১১। বিচারহীনতার সংস্কৃতি থেকে দেশকে বের করা হচ্ছে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশটাকে বিচারহীনতার সংস্কৃতি থেকে বের করা হচ্ছে। বিচারহীনতার সংস্কৃতি থেকে বেরিয়ে আসার জন্য যুদ্ধাপরাধী ও বঙ্গবন্ধু'র হত্যার বিচারসহ অন্যান্য বিচার সম্পন্ন করা হচ্ছে। গতকাল (১০ সেপ্টেম্বর সোমবার) কুষ্টিয়া সার্কিট হাউসে দলীয় নেতাকর্মীদের সাথে মতবিনিময়শেষে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭)।

**১২। সরকারি চাকরিতে প্রবেশের বয়স ৩৫ করার সুপারিশ সংসদীয় কমিটি'র**
**তথ্য ক্যাডারের ডিজি পদকে গ্রেড-১ এ উন্নীতকরণের তাগিদ**

সরকারি চাকরিতে প্রবেশের এবং অবসরের বয়সসীমা বর্ধিতকরণের বিষয়টি পুনরায় বিবেচনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে কার্যক্রম গ্রহণের সুপারিশ করেছে সংসদীয় কমিটি। একইসঙ্গে আগামী একমাসের মধ্যে তথ্য ক্যাডারের ডিজি

পদকে গ্রেড-১ এ উন্নীতকরণের তাগিদ দেওয়া হয়েছে। বিষয়টি দ্রুত চূড়ান্ত করে কমিটির পরবর্তী বৈঠকের আগেই অবহিত করতে বলা হয়েছে। জাতীয় সংসদ ভবনে গতকাল (১০ সেপ্টেম্বর সোমবার) অনুষ্ঠিত জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠকে এ সুপারিশ ও তাগিদ দেয়া হয়। সূত্র-**ইনকিলাব** (পৃ.৮,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**১৩। নির্বাচনের তফসিল ৩০ অক্টোবরের পর : ইসি সচিব**

৩০ অক্টোবরের পর আগামী জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করা হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশন সচিব হেলালুদ্দীন আহমেদ। গতকাল (১০ সেপ্টেম্বর সোমবার) রাজধানীর আগারগাঁও নির্বাচন ভবনে তিনি এ কথা বলেন। হেলালুদ্দীন আহমেদ বলেন, ৩০ অক্টোবর কাউন্ট-ডাউন শুরু হবে। তারপর যে কোনো সময় তফসিল হবে। কবে হবে তা নির্ধারণ করবে কমিশন। তফসিল ঘোষণার পর ভোটগ্রহণে তালিকা প্রকাশ ও প্রশিক্ষণের আয়োজন করা হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**১৪। পবিত্র আশুরা ২১ সেপ্টেম্বর**

গতকাল দেশের কোথাও পবিত্র মহররম মাসের চাঁদ দেখা যায়নি। ফলে আগামীকাল ১২ সেপ্টেম্বর বুধবার শুরু হচ্ছে নতুন বছর ১৪৪০ হিজরি। আর আগামী ২১ সেপ্টেম্বর শুক্রবার (১০ মহররম) পবিত্র আশুরা পালিত হবে। গতকাল (১০ সেপ্টেম্বর সোমবার) রাজধানীর বায়তুল মোকাররমে ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**১৫। বিদ্যুৎ সরবরাহের সক্ষমতা বাড়াতে ৩৬ কোটি মার্কিন ডলার দিচ্ছে এডিবি**

দেশের দক্ষিণ এবং পশ্চিমাঞ্চলে বিদ্যুৎ সরবরাহের সক্ষমতা বাড়াতে প্রায় ৩৬ কোটি মার্কিন ডলার দিচ্ছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। যা স্থানীয় মুদ্রায় তিন হাজার কোটি টাকা। এডিবি'র এ অর্থের মধ্যে বাংলাদেশ ৩৫ কোটি ডলার ঋণ ও ৭৫ লাখ ডলার অনুদান হিসেবে পাবে। এ নিয়ে গতকাল (১০ সেপ্টেম্বর সোমবার) ঢাকায় এডিবির সঙ্গে সরকারের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) একটি চুক্তি হয়েছে। চুক্তিতে স্বাক্ষর করেন ইআরডি সচিব কাজী শফিকুল আযম ও এডিবি'র কান্ট্রি ডিরেক্টর মনমোহন প্রকাশ। রাজধানীর শেরেবাংলা নগরে ইআরডির সম্মেলনকক্ষে চুক্তিটি স্বাক্ষর হয়। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৩,ক.১), **যায়যায়দিন** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৭)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** নারায়ণগঞ্জের আড়াইহাজারে পেপার মিলের মেশিনে পা আটকে ১৪ বৎসরের এক শিশু শ্রমিকের মৃত্যু হওয়ায় উদ্বেগ প্রকাশ করে শিশুশ্রম নিষিদ্ধ করার পাশাপাশি কলকারখানায় নিরাপদ কর্মপরিবেশ তৈরি করার ওপর গুরুত্বারোপ।

খ. **যায়যায়দিন : 'ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম'** এর তালিকা অনুযায়ী, লিঙ্গসমতার ক্ষেত্রে এশিয়ার দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান এখন দ্বিতীয় ও পুরো বিশ্বের মধ্যে অবস্থান ৪৭তম এ তথ্যে স্বস্তি প্রকাশ করে প্রয়োজনীয় আরো পদক্ষেপ গ্রহণ ও তার সুষ্ঠু বাস্তবায়নের মধ্যদিয়ে লিঙ্গসমতায় বাংলাদেশ আরও এগিয়ে যাবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **যুগান্তর, জনকণ্ঠ :** রাজধানীতে ডেঙ্গুজ্বরের প্রকোপ বাড়ায় উদ্বেগ প্রকাশ করে এ পরিস্থিতি মোকাবিলায় ঢাকার দুই সিটি করপোরেশন যথাযথ ব্যবস্থা নিবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **প্রথম আলো :** চলতি মৌসুমে বরিশাল বিভাগের ছয় জেলায় নির্ধারণ করা লক্ষ্যমাত্রার চেয়ে বেশি আউশ ধান উৎপাদন হওয়া সত্ত্বেও উপযুক্ত মূল্য না পাওয়ায় কৃষকদের লোকসানে ধান বিক্রি করতে হচ্ছে উল্লেখ করে সরকারিভাবে ন্যায্যমূল্যে ধান কেনার সুপারিশ।

ঙ. **সংবাদ :** গাজীপুর মহিলা, শিশু ও কিশোরী হেফাজতিদের নিরাপদ আবাসনকেন্দ্র বা সেফ হোম থেকে ১৭ কিশোরী পালিয়ে যাওয়ার ঘটনার কথা উল্লেখ করে সেফ হোম থেকে পালিয়ে যাওয়ার প্রকৃত কারণ খুঁজে বের করে ব্যবস্থাপনার ত্রুটিগুলো দ্রুত দূর করার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** মৌলভীবাজার জেলার লাউয়াছড়া জাতীয় উদ্যানের বন্যপ্রাণী খাদ্য সংকটের কারণে ও মানুষের দ্বারা আক্রান্ত হওয়ায় ঝুঁকির মধ্যে আছে উল্লেখ করে বন্যপ্রাণীদের রক্ষায় কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**বণিক বার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, গ্রামে পারিবারিক সঞ্চয় বৃদ্ধির সঙ্গে সঙ্গে এর সঠিক বিনিয়োগ ও লাভজনক করতে প্রয়োজন গ্রামীণ জনগোষ্ঠীর দক্ষতার উন্নয়ন এবং প্রযুক্তি ব্যবহার।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'কিডনি রোগ প্রতিরোধে প্রয়োজন জনসচেতনতা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, প্রাথমিক অবস্থায় কিডনি রোগ শনাক্ত করা গেলে চিকিৎসা দিয়ে রোগীকে সুস্থ করা সম্ভব।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা